TEEAL : 9.5 Million articles on Agriculture and allied science [LAN based] [The Essential Electronic Agricultural Library]
Discovery Services : EBSCO Discovery Services
PKP : Public Knowledge Project
Can be visited : www.saulibrary.edu.bd

26. SAU Research System

SAU Research System (SAURES) is headed by a Director. It accounts for advanced research, evaluate, approve and monitor research proposals. The SAU Research System also coordinates the overall research activities of the university. The System arranges seminars and workshops involving teachers and eminent scientists. SAURES publishes a scientific Journal named "Journal of Sher-e-Bangla Agricultural University".

27. SAU Outreach Program

SAU Outreach Program is headed by a Director. It accounts for transfer of technologies innovated by SAU Research System and agricultural research institutions. The Outreach Program also offers training to farmers, agricultural professionals and teachers, organizes farmers' group, identifies production problems and offers solutions, maintains link with national and international organizations, NGOs and other universities as well. It publishes newsletters on extension activities and produces extension materials for rural farmers.

28. Directorate of Planning, Development and Works

The Director (Planning, Development & Works) looks after the overall planning, development and maintenance related activities.

29. Accounts Section

The Treasurer and the Director (Finance and Accounts) look after the financial affairs including collection of fees and other monitory affairs.

30. Office of the Controller of Examinations

The controller section of the university deals with the examination provides academic records and such other activities.

31. University Health Centre

There is a health centre inside the campus. It offers free emergency and general medical services to the students and staff of the university.

32. University Transport

The transport pool ensures transport facilities for the teachers, students, officers, staffs and others of SAU.

33. University Mosque

There are two mosques in the university campus and residential halls have separate prayer rooms.

34. University Mandir/Temple

There is a mandir (Temple) at Battala in the campus. Hindu religious and various ritual activities are arranged in the temple regularly.

35. Cultural and Social Organizations

- SAU Journalists' Association
- SAU Badhan Unit
- Agri-Rovers
- Kisan Theatre
- SAU Debating Society
- Saptok
- SAU YES Group
- SAU Language Club
- SAU Computer Club
- SAU Photographic Society
- SAU Krishi Club
- SAU Bondhu Shova
- SAU Sahitto Sangsod
- SAU Shuvo Songho
- SAU Setubandhan
- SAU Agricultural Economics Students Association
- Bangladesh Study Forum
- SAU Badminton Club
- Alokito Manus
- SAU Entrepreneurship Development Club
- SAU ICT & Career Club
- SAU Science Club
- Vet. Science and A. H. Students Association
- IAAS Yeas Bangladesh

36. Guest House

SAU has provided guest house facilities for the teachers and officers including visitors. These guest houses are used for accommodation of the board members coming from the other universities and organizations and foreign delegates attending the conferences and other official purposes.

37. Farm Management Wing

The farm management wing of Sher-e-Bangla Agricultural University maintains a farm to support teaching, research and outreach activities of different departments of the university. Virtually all agricultural and husbandry majors use the farm as their practical laboratory. The university farm provides research opportunities for faculty, graduate students and PhD researchers as well as demonstration models for farmers, extension agents and students. The main goal of the university farm is to educate students by hands-on-farming experience which is an important part of their curriculum and preparation for careers that directly related to crop production and farm management.

37.1 Horticulture Farm

Horticulture Farm of Sher-e-Bangla Agricultural University was established to cultivate horticultural crops intensively for research purpose. It is under the administrative control & management of the Department of Horticulture, SAU. About 500 plants of 60 species of fruits, flowering trees, spices, ornamental and medicinal plants are present in the Horticulture farm. In every season, around 20 types of vegetables and 10 types of flower are grown for research in the field, net house, green house and in Hydroponic system. Recently a germplasm conservation centre has been established in the farm for collection & conservation of indigenous or minor fruits and medicinal plants. Students, teachers and researchers of SAU use this horticulture farm as their research field. Near about 550 MS and PhD students have achieved their degrees by conducting research in this farm. At present, 65 MS & 12 PhD students are doing their research in the farm. The farm fulfills aesthetic demand of SAU by its beautiful landscaping, orientation of ornamental plants and flower garden.

37.2 Artificial Insemination (AI) Centre

The artificial insemination (AI) centre is directed by Animal Nutrition, Genetics and Breeding Department, Faculty of Animal Science and Veterinary Medicine of Sher-e-Bangla Agricultural University. The vision of this centre is to consolidate the

education, research and extension activities. The general operations of the AI centre is driven through breeding bull and buck management for successful AI practices. It is an excellent centre to operate training of AI workers.

37.3 Dairy Farm

A modern dairy farm is attached with the department of dairy Science as a field laboratory for the undergraduate students and provides the avenues for research of post graduate students and teaching staffs. This dairy farm has 40 separate stalls for keeping dairy cow with face-out orientation. The farm also has the facility for keeping dry cow, heifer, older calf and baby calf. Pregnant shed and quarantine facilities for new animals are also available in this farm.

37.4 Poultry Farm

Poultry farm is functioning under the department of Poultry Science for training, education, research and extension purposes. The main objectives of this farm are to provide facilities for practical demonstration of undergraduate students and research work of post graduate students and teachers in the field of poultry feed and nutrition, poultry management, hatchery operation, layer and broiler production. It helps in the development of students' confidence and entrepreneurship in poultry farming. It also provides facilities for various training programs. Varieties of chicken, quail, ducks and pigeons have been kept in the poultry farm for demonstration and research experiments.

37.5 Veterinary Teaching Hospital (VTH)

Veterinary Teaching Hospital (VTH) is the cornerstone of clinical teaching in Veterinary Medicine and Surgery. It will deliver state-of-the-art clinical care while providing training opportunities and clinical experiences for both Undergraduate and Post Graduate Students studying veterinary medicine. It will provide diagnosis, treatment, control and prevention of animal diseases including farm and pet animals and birds. VTH will also contribute to the development of policies and programs for securing public health in the country through control and prevention of zoonotic diseases. It would also provide opportunities for overseas students to perform internships. Thus, a veterinary teaching hospital will assist university in flourishing nationally and internationally, establishing the university as a centre of expertise.

38. TSC Complex

University has a visually pleasing and well decorated TSC Bhaban.

39. ICT Cell

The ICT Cell mainly working as a digitalization cell to make the University digitalized and working to introduce the university nationally and internationally.

40. Institutional Quality Assurance Cell (IQAC)

Institutional Quality Assurance Cell (IQAC) has been working to ensuring the standards of higher education at SAU. The IQAC of SAU is involved in the enhancement of teaching-learning process, curriculum development, programs for self-assessment and future academic improvement.

41. Directorate of Physical Education

The Director (Physical Education) takes care of various activities on games and sports plus other extra-curricular activities. He is assisted by an Assistant Director and Physical Instructors.

42. Banking

Bank facilities are available inside the campus. Students and local community are facilitated by this bank.

43. Dr.Kazi M Badruddoza Research Centre

Dr. M A Wazed Mia Central Laboratory has been planned to be equipped with cutting edge instruments to conduct the quality research comparable to that of laboratories of the international standard.

44. Scholarship

All the student of Sher-e-Bangla Agricultural University get scholarship and there are also more scholarship opportunities for regular students as well as students with financial hardships. Besides the regular scholarship of the university, there are a number of scholarships for post graduate students both for MS and PhD students supported by different organizations and foundations or Trusts. These scholarships are:

a. Krishibid Australia (KBA) stipend program
b. Japan Nagao Natural Environment Foundation Scholarship (Japan)
c. Kazi Farms Scholarship for the students of Faculty of Animal Science and Veterinary Medicine (ASVM), SAU
d. Kamal-Mumtaz Memorial Trust Scholarship
e. Parvez Family Future Bright Scholarship
f. Sayed Momena Montaj Foundation Scholarship for PhD students

পরীক্ষার হলে শৃঙ্খলা বিষয়ক অধ্যাদেশ-২০১৪

১. **শীরোনামঃ** এই অধ্যাদেশকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ''পরীক্ষার হলে শৃঙ্খলা বিষয়ক অধ্যাদেশ-২০১৪'' বলা হবে। এই অধ্যাদেশ অনুমোদনের পর এ সংক্রান্ত পূর্বের কোন আদেশ/অধ্যাদেশ বাতিল বলে গণ্য হবে।

২. **পরীক্ষা শৃঙ্খলা কমিটিঃ** পরীক্ষা শৃংখলা কমিটি নিম্নলিখিত সদস্য সমন্বয়ে গঠিত হবে ঃ

ক) উপাচার্য, শেকৃবি, ঢাকা -সভাপতি
খ) উপ-উপাচার্য, শেকৃবি, ঢাকা - সদস্য
গ) উপাচার্য কর্তৃক মনোনীত একজন ডীন, শেকৃবি, ঢাকা - সদস্য
ঘ) উপাচার্য কর্তৃক মনোনীত সিন্ডিকেটের একজন অবৈতনিক সদস্য (বিশ্ববিদ্যালয়ের বেতনভূক্ত নহে) - সদস্য
ঙ) প্রক্টর, শেকৃবি, ঢাকা - সদস্য
চ) পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), শেকৃবি, ঢাকা - সদস্য
ছ) রেজিস্ট্রার, শেকৃবি, ঢাকা - সদস্য
জ) পরীক্ষা নিয়ন্ত্রক, শেকৃবি, ঢাকা - সদস্য-সচিব

মনোনীত সদস্যমন্ডলী দু'বছরের জন্য নিযুক্ত হবেন। চারজন সদস্য সমন্বয়ে কোরাম পূর্ণ হবে।

৩. **চীফ সুপারভাইজার/রোভিং সুপারভাইজার/সুপারভাইজারের করণীয়ঃ**

ক) চীফ সুপারভাইজার পরীক্ষার হলে শৃঙ্খলা রক্ষার প্রধান হিসাবে দায়িত্ব পালন করবেন।
খ) **রোভিং** সুপারভাইজার চীফ সুপারভাইজারকে পরীক্ষার হলে সাহায্য করবেন এবং একসাথে কাজ করবেন।
গ) পরীক্ষার হলে শৃঙ্খলা ভঙ্গ জনিত যে কোন অবস্থার উদ্ভব হলে হল সুপারভাইজারগণ চীফ সুপারভাইজারকে বিষয়টি অবহিত করবেন এবং দায়ী পরীক্ষার্থীকে চীফ সুপারভাইজার হল থেকে বহিঃস্কার করতে বা নির্দিষ্ট কোন কোর্সের পরীক্ষা থেকে বিরত রাখতে বা একাধিক কোর্সের পরীক্ষা থেকে বিরত রাখতে পারবেন।
ঘ) এরূপ প্রত্যেক ক্ষেত্রে চীফ সুপারভাইজার বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম পূরণ করে তৎক্ষণাৎ একটি বিশেষ প্রতিবেদন পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করবেন। পরীক্ষা নিয়ন্ত্রক অসদুপায় অবলম্বনের সহিত সংশ্লিষ্ট প্রমাণাদিসহ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পরীক্ষা শৃংখলা কমিটির সভাপতির নিকট উপস্থাপন করবেন।
ঙ) পরীক্ষার হলে কোন অনাকাঙ্খিত পরিস্থিতির উদ্ভব হলে চীফ সুপারভাইজারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৪. **পরীক্ষার হলে পরীক্ষার্থীর পালনীয় বিষয়সমূহঃ**

ক) পরীক্ষার এডমিটকার্ড সাথে নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
খ) উত্তরপত্রের প্রথম পাতায় বা অন্য যে কোন অংশে পরীক্ষার্থীর নাম লেখা কঠোরভাবে নিষিদ্ধ। যদি কোন পরীক্ষার্থী তার নাম লিখে তাহলে তার উত্তরপত্র মূল্যয়ন করা হবে না।
গ) প্রত্যেক পরীক্ষার্থীকে তার উত্তরপত্রের প্রথম পাতায় স্বচ্ছভাবে তার রেজিষ্ট্রেশন নম্বর লিখতে হবে। যদি কোন পরীক্ষার্থী তার উত্তরপত্রে তার রেজিষ্ট্রেশন নম্বর না লিখে তাহলে তার উত্তরপত্র মূল্যায়ন করা হবে না।
ঘ) যখন কোন পরীক্ষার্থী একাধিক উত্তরপত্র ব্যবহার করবে তখন তাকে মূল উত্তরপত্রের সাথে অতিরিক্ত উত্তরপত্রে তার রেজিষ্ট্রেশন নম্বর লিখতে হবে এবং সাথে সাথে মূল উত্তরপত্রের সাথে সেলাই করে নিতে হবে।
ঙ) সকল কার্যাদি উত্তরপত্রের মধ্যেই করতে হবে কিন্তু উত্তরপত্রের কোন অংশ ছেঁড়া যাবে না। উত্তরপত্র অবশ্যই জমা দিতে হবে। প্রদত্ত উত্তরপত্র অন্য উত্তরপত্রের দ্বারা প্রতিস্থাপন করা যাবে না। যদি প্রয়োজন হয় তবে অতিরিক্ত উত্তরপত্র নিতে পারবে। পরীক্ষার্থী উত্তরপত্রের উভয় পৃষ্ঠায় লিখবে এবং পরীক্ষক তার লেখার মূল্যায়ন করবে।
চ) পরীক্ষার্থীর প্রশ্নপত্রের মধ্যে কোন ধরনের লেখা নিষিদ্ধ।
ছ) পরীক্ষার চলাকালীন সময়ে সুপারভাইজার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত পরীক্ষার্থী মানতে বাধ্য থাকবে।
জ) কোন পরীক্ষার্থী পরীক্ষাকালীন সময় ১ ঘন্টা অতিবাহিত না হওয়া পর্যন্ত পরীক্ষার হল থেকে বের হতে পারবে না।
ঝ) পরীক্ষা শুরুর ১ ঘন্টা পর কোন পরীক্ষার্থী হলে প্রবেশ করতে পারবে না।
ঞ) পরীক্ষার হলে ধূমপান সম্পূর্ণ নিষিদ্ধ।
ট) পরীক্ষার হলে মোবাইল ফোন বন্ধ (Switch off) থাকবে।

৫. **পরীক্ষায় অপরাধসমূহঃ**

১. অন্যের উত্তরপত্র থেকে নকল করা, ২. নিজ ইচ্ছায় আসন পরিবর্তন করে বসা, ৩. স্কেল, প্রবেশপত্র, বক্স, কলম বা অন্য কোন জিনিসের উপর কিছু লিখে আনা বা ক্যালকুলেটরে ম্যামোরিতে কোন তথ্য সেভ করে আনা, ৪. অপরাধের সহিত জড়িত দলিলাদি সংগে রাখা, ৫. পরীক্ষা চলাকালীন একে অন্যের সহিত যোগাযোগ করা বা কথা বলা, ৬. ছদ্মবেশে পরীক্ষায় অংশ গ্রহণ করা, ৭.উত্তরপত্র পরীক্ষা হলের ভিতরে/বাহিরে পাচার করা, ৮. ভূয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করা, ৯. পরীক্ষা সম্পর্কিত দলিলপত্রে অন্যের স্বাক্ষর জাল করা, ১০. পরীক্ষার হলসমূহের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি/ব্যক্তিবর্গকে ভয়ভীতি প্রদর্শন/হুমকি প্রদান করা, ১১. উত্তরপত্রের প্রচ্ছদ অথবা অন্য কোন পৃষ্ঠা পাল্টানো, ১২. পরীক্ষার সহিত সম্পর্কিত সুপারভাইজার অথবা চীফ সুপারভাইজার অথবা অন্য কোন ব্যক্তি/ব্যক্তিবর্গের প্রতি কটূক্তিপূর্ণ ভাষা ব্যবহার ও হামলা করা, ১৩. পরীক্ষার হলের অভ্যন্তরে প্রতিবন্ধকতা বা বিশৃঙ্খলা সৃষ্টি করা, ১৪. পরীক্ষার হলের ভিতরে এবং আশেপাশে অপরাধ সংগঠনে সক্ষম আগ্নেয়াস্ত্র বা প্রাণনাশক কোন অস্ত্র সঙ্গে রাখা, ১৫. পরীক্ষা হলের অভ্যন্তরে ধুমপান করা, ১৬. নির্দিষ্টভাবে উপরে বর্ণিত নয় কিন্তু পরীক্ষা শৃঙ্খলা কমিটি অথবা পরীক্ষা কেন্দ্রে নিয়োজিত চীফ সুপারভাইজার কর্তৃক বিবেচিত এমন কোন অপরাধ করা।

৬. **পরীক্ষায় অপরাধের শাস্তিসমূহঃ**

১. পরীক্ষা চলাকালে পরীক্ষার হলের অন্য পরীক্ষার্থীর সাথে কথা বলা বা উত্তর জানার চেষ্টা করলে-
প্রথমতঃ জায়গা পরিবর্তন করে সতর্ক করা
দ্বিতীয়তঃ মোট নম্বর থেকে ৫% নম্বর কর্তন করা
তৃতীয়তঃ উক্ত কোর্সের জন্য পরীক্ষার হল থেকে বহিস্কার করা এবং উক্ত কোর্সের প্রাপ্ত নম্বর থেকে ১০% কর্তন করা।

২. অবৈধ প্রমাণাদি বা অপরাধের সহিত জড়িত দলিলাদি সঙ্গে রাখা (স্কেল, প্রবেশপত্র, বক্স, কলম বা অন্য কোন জিনিসের উপর কিছু লিখে আনা বা ক্যালকুলেটরে ম্যামোরিতে কোন তথ্য সেভ করে আনা বা কাগজে লিখে আনা ইত্যাদি) অথবা নিজ ইচ্ছায় আসন পরিবর্তন করে বসা অথবা অন্যের স্বাক্ষর জাল করা অথবা অন্যের উত্তরপত্র থেকে নকলকৃত অবস্থায় সনাক্তকৃত পরীক্ষার্থীর উক্ত পরীক্ষা বাতিল করা হবে এবং পরবর্তী পরীক্ষাসমূহের অনধিক একটি পরীক্ষা থেকে তাকে বিরত রাখা হবে।

৩. পরীক্ষা হলের অভ্যন্তরে গোলযোগ সৃষ্টিকারী পরীক্ষার্থীর চলমান সেমিস্টারের সকল পরীক্ষা বাতিল করা হবে।

৪. যে সকল পরীক্ষার্থী পরীক্ষা চলাকালীন সময়ে চীফ সুপারভাজার অথবা সুপারভাইজার (গণের) অথবা পরীক্ষার সহিত সংশ্লিষ্ট পরীক্ষা হলের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি/ব্যক্তিদের প্রতি কটূক্তিপূর্ণ ভাষা ব্যবহার অথবা মান্য করতে অস্বীকার করে অথবা হুমকি প্রদান করবে অথবা পরীক্ষার হলে বিশৃঙ্খল আচরন করলে অথবা পরীক্ষার হলে ধুমপান করলে তাদের উক্ত পরীক্ষা থেকে বহিষ্কার করা হবে এবং চলমাল লেভেলের সকল পরীক্ষা শৃঙ্খলা কমিটির সুপারিশের ভিত্তিতে বাতিল করা হবে ।

৫. যে সকল পরীক্ষার্থী চীফ সুপারভাইজার অথবা সুপারভাইজার (গণের) অথবা পরীক্ষার সহিত সংশ্লিষ্ট যেকোন ব্যক্তি/ব্যক্তিবর্গকে হামলা করবে অথবা হামলা করতে উদ্যত হবে অথবা পরীক্ষার হলের ভিতরে এবং আশেপাশে অপরাধ সংগঠনে সক্ষম আগ্নেয়াস্ত্র বা প্রাণনাশক কোন অস্ত্র সঙ্গে রাখলে অথবাঅনুরূপ অন্য কোন অপরাধ সম্পাদন করবে তাদের তাদের উক্ত পরীক্ষা সাথে সাথে বাতিল করা হবে এবং শৃঙ্খলা কমিটির সুপারিশে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হবে।

৬. উত্তরপত্র পরীক্ষা হলের ভিতরে/বাহিরে পাচার করলে বা উত্তরপত্রের প্রচ্ছদ অথবা অন্য কোন পৃষ্ঠা পাল্টালে দোষী সাব্যস্ত পরীক্ষার্থীকে ঐ সেমিস্টারের সকল পরীক্ষা বাতিল করা হবে এবং শৃঙ্খলা কমিটির সুপারিশের ভিত্তিতে সর্বোচ্চ পরবর্তী ২টি লেভেলের পরীক্ষার জন্য অযোগ্য বিবেচিত হবে।

৭. ছদ্মবেশে বা ভূয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করলে দোষী ব্যক্তিকে ১বছরের জন্য (২সেমিস্টার) বহিষ্কার করা হবে এবং পুলিশের নিকট সোপর্দ করা হবে।

৮. পরীক্ষায় অবতীর্ণ হওয়ার আবেদনপত্রে ভূয়া পরিচয় উপস্থাপন করলে তাকে ১টি লেভেলের জন্য বহিঃস্কার করা হবে।

৯. উত্তরপত্রে কটূক্তিপূর্ণ অথবা অশ্লীল ভাষা ব্যবহারে দোষী সাব্যস্ত যেকোন পরীক্ষার্থী সেই বছরের ১টি লেভেলের সকল পরীক্ষা পাশের অযোগ্য বিবেচিত হবে। উত্তরপত্রে কোন অশ্লীল ভাষা থাকলে কোর্স টিচার লিখিতভাবে তা পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করবেন।

১০. কোন পরীক্ষার্থী উত্তরপত্রে তার পরিচিতি প্রকাশ অথবা ইঙ্গিতপূর্ণ বিচিত্র চিহ্ন ব্যবহার করে দোষী সাবস্ত হলে-
(ক) যদি সে পরীক্ষায় কৃতকার্য হয় তবুও সেই পরীক্ষা পাশের অযোগ্য বিবেচিত হবে এবং
(খ) যদি সে পরীক্ষায় অকৃতকার্য হয় তবে সেই সেমিস্টারের সকল পরীক্ষায় পাশের অযোগ্য বিবেচিত হবে।

১১. ক্লাশ টেষ্ট, কুইজ, ব্যবহারিক পরীক্ষা, মৌখিক পরীক্ষা (Viva voice) এবং এই সদৃশ্য পরীক্ষাসমূহ ফাইনাল পরীক্ষার একটি অংশ হিসেবে গণ্য হবে। উক্ত পরীক্ষার কেউ কথা বললে বা অসুদাপায় অবলম্বন বা নকল করলে কোর্স টিচার নিম্নলিখিত শাস্তি প্রদান করতে পারবেন-
প্রথমতঃ মোট নম্বর থেকে ১০% নম্বর কর্তন করা
দ্বিতীয়তঃ উক্ত পরীক্ষা বাতিল করা

এ ছাড়াও কোর্স টিচার চেয়ারম্যানের মাধ্যমে পরীক্ষা শৃঙ্খলা কমিটির নিকট যেকোন শাস্তির জন্য সুপারিশ করতে পারবেন।

৭. **ব্যাখ্যাঃ** উপরের বিধানসমূহ দ্বারা কোন কিছুর মীমাংসা না হলে বা কোন কিছুর ব্যাখ্যার প্রয়োজন হলে পরীক্ষা শৃঙ্খলা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বসবাসের শর্তাবলী এবং তাহাদের আচরণ ও শৃঙ্খলা সম্পর্কে অধ্যাদেশ (২০০২)

(দ্বিতীয় সিন্ডিকেট সভায় অনুমোদিত)

১। সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানে-

ক) "বিশ্ববিদ্যালয়" অর্থ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়;

খ) "ছাত্র" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন ছাত্র বা ছাত্রী;

গ) "প্রভোস্ট" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন হল প্রধান;

ঘ) "উপাচার্য" অর্থ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য;

ঙ) "সিন্ডিকেট" অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;

চ) "হল" অর্থ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সম্মিলিত জীবন পরিচালন এবং পাঠ্যক্রম এর সহায়ক কার্যক্রম শিক্ষাদানের জন্য বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণাধীন ছাত্রাবাস;

ছ) "হোস্টেল" অর্থ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত ছাত্রাবাস;

জ) "হল সংসদ" অর্থ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট হলের ছাত্রদের কর্তৃক নির্বাচিত প্রতিনিধি সমন্বয়ে গঠিত সংসদ;

ঝ) "হল মেস" অর্থ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট হলের সকল ছাত্রদের একসাথে খাওয়ার ব্যবস্থা।

২। হলে ভর্তি/পুনঃ ভর্তি বা সংযুক্তি সংক্রান্ত নিয়মাবলী

ক) যে কেউ অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি/পুনঃ ভর্তি হইলে এবং কোন হলের আবাসিক ছাত্র হিসাবে ভর্তি/পুনঃভর্তি হইলে অথবা কোন আবাসিক হলের সাথে সংযুক্ত হইলে এবং বিশ্ববিদ্যালয়ের ক্লাস সমূহে অংশ গ্রহণ করিলে সে এই বিশ্ববিদ্যালয়ের 'প্রকৃত ছাত্র' হিসাবে গণ্য হইবে। বিশেষ ক্ষেত্র ছাড়া এখানে ছাত্র বা ছাত্রী উভয়কে ছাত্র হিসাবে উল্লেখ করা হইবে।

খ) এই অধ্যাদেশে উল্লেখিত শর্তাবলী সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি পূর্ণ সময়ের ছাত্র আবাসিক হলে বসবাস করিবে অথবা সংযুক্ত থাকিবে।

গ) যে ছাত্র বিশ্ববিদ্যালয়ে আবাসিক ছাত্রাবাসে সংযুক্ত হইবে কিন্তু বসবাস করিবে না সে সংযুক্ত ছাত্র হিসাবে অভিহিত হইবে।

ঘ) একজন সংযুক্ত ছাত্র, তার পিতামাতা/ অভিভাবক অথবা পিতামাতা/ অভিভাবক কর্তৃক মনোনীত এবং হল প্রভোষ্ট কর্তৃক অনুমোদিত ব্যক্তি (স্থানীয় অভিভাবক) এর সাথে বসবাস করিবে। তবে ২৫ বছরের উর্ধ্ব বয়সের পোষ্ট গ্রাজুয়েট ছাত্রের ক্ষেত্রে এই নিয়ম শিথিল যোগ্য হইবে। অনুমোদিত অভিভাবক যদি ঢাকা ত্যাগ করেন, তবে অবিলম্বে সেই ছাত্রকে হলে সীট লইতে হইবে অথবা নতুন অভিভাবক যার সাথে সে বসবাস করিবে, তার জন্য লিখিত অনুমোদন লইতে হইবে।

ঙ) একজন সংযুক্ত ছাত্র হলের প্রভোষ্টকে তাহার পিতামাতা বা অভিভাবকের ঠিকানা অবহিত করিবে। অভিভাবকের অবস্থানের কোনরূপ পরিবর্তন হইলে অবিলম্বে তা নিজ নিজ প্রভোস্টকে অবহিত করিতে হইবে।

চ) ছাত্রদের হলে বসবাসের ব্যবস্থা বা সীট ও কক্ষ বন্টন প্রতি সেশনে নুতনভাবে করিতে হইবে, তবে শর্ত থাকে যে, যদি কোন ছাত্রের নাম বিশ্ববিদ্যালয়ের তালিকা হইতে বাদ দেওয়া হয়, তবে সেই ছাত্র আপনা হইতেই আবাসিক/ সংযুক্ত ছাত্র থাকিবে না।

ছ) হল সমূহে সকল ভর্তি একাডেমিক সেশনের শুরুতেই হইবে। হলের প্রভোস্ট আবাসিক/ সংযুক্ত ছাত্রদের অভিভাবক ও স্থানীয় অভিভাবক এর পত্র যোগাযোগের ঠিকানা সমূহ, ভর্তির শেষ তারিখ হইতে ১৫ দিনের মধ্যে উপাচার্য মহোদয়কে রিপোর্ট করিবেন। পরবর্তী

ভর্তি ও ঠিকানা পরিবর্তন হইলে প্রতিবারই হল প্রভোস্ট কর্তৃক উপাচার্য মহোদয়কে এর ১৫ দিনের মধ্যে রিপোর্ট করিতে হইবে।

জ) কোন আবাসিক বা সংযুক্ত ছাত্র কোন ভাবেই তাহাদের হল পরিবর্তন করিতে পারিবে না।

ঝ) যদি কোন ছাত্রকে বিশ্ববিদ্যালয়ের তালিকা হইতে বাদ দেওয়া হয়, তবে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী তাহাকে পুনঃভর্তি হইতে এবং পুনঃভর্তি হওয়ায় ১৫ দিনের মধ্যে পূর্বের দেনা পাওনা পরিশোধ সাপেক্ষে হলে ভর্তি হইতে হইবে। যদি পুনঃভর্তির শেষ তারিখ ছুটিকালীন সময়ের মধ্যে পড়িয়া যায়, তবে অফিস খোলার ৩ দিনের মধ্যে তাহাকে পুনঃভর্তি হইতে হইবে।

ঞ) যদি কোন আবাসিক ছাত্র কোন হল হইতে বহিস্কৃত হয়, তবে সে বহিস্কৃত সময়ে বিশ্ববিদ্যালয়ের অন্য কোন হলে ভর্তি হইতে পারিবে না। উক্ত সময়ে সে সংশ্লিষ্ট হলের সাথেই সংযুক্ত থাকিবে।

৩। সীট বরাদ্দ সংক্রান্ত নিয়মাবলী

ক) হলে সীট শূন্য হইবার সাথে সাথেই হল প্রভোস্ট ছাত্রদের নিকট হইতে আবেদন পত্র আহবান করিবেন। সীট বন্টনের অথবা পরিবর্তনের সকল আবেদন পত্র প্রভোস্ট বরাবর দিতে হইবে।

খ) বিশ্ববিদ্যালয়ের সকল হলে প্রথম বর্ষের সীটসমূহ মেধার ভিত্তিতে বন্টন করা হইবে। প্রথম বর্ষের ছাত্রদের মেধা নির্ধারণ করা হইবে ভর্তি পরীক্ষার মেধা তালিকা অনুসারে।

গ) প্রথম বর্ষ ছাড়া অন্যান্য বর্ষের ছাত্রদের সীট পুনঃবিন্যাসের ক্ষেত্রে বর্ষওয়ারী জ্যেষ্ঠতা ও মেধা অনুসারে করা হইবে। এক্ষেত্রে মেধা জ্যেষ্ঠতা নিরূপন হইবে পূর্ববর্তী বর্ষ বা বর্ষসমূহের মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে / গ্রেডের ক্ষেত্রে, একই গ্রেড প্রাপ্ত ছাত্রদের মেধা ভর্তি পরীক্ষার মেধা তালিকা অনুসারে হইবে।

ঘ) অনাবাসিক/সংযুক্ত ছাত্র হলে সীট নিতে চাইলে সীট পুনঃবিন্যাসের পর খালি সীটে উক্ত ছাত্রদের বর্ষওয়ারী জ্যেষ্ঠতা ও মেধার ভিত্তিতে সীট বন্টন করা হইবে।

ঙ) সীট বরাদ্দের ক্ষেত্রে অকৃতকার্য ছাত্রদের তাহাদের পরবর্তী বর্ষের সাথে একই বর্ষ হিসাবে বিবেচনা করা হইবে।

চ) প্রথম বর্ষে ভর্তিকৃত ছাত্রদেরকে ভর্তির সময়েই, কোন ছাত্র কোন হলে সংযুক্ত হইবে তাহা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারণ করিয়া দিবেন।

ছ) ছাত্ররা তাহাদের মাঝে বরাদ্দকৃত সীট প্রভোস্ট এর অনুমতি ব্যতিরেকে পরিবর্তন করিতে পারিবে না।

জ) নিজস্ব কক্ষে/ সীটে বহিরাগতদের আশ্রায়দানকারী ছাত্রদের সীট বাতিল করা হইবে।

ঝ) সমাপনী বর্ষের চূড়ান্ত ফলাফল ঘোষণার ৭ (সাত) দিনের মধ্যে কৃতকার্য ছাত্রদেরকে তাহাদের সীট ত্যাগ করিয়া তাহা অবশ্যই হল প্রশাসনকে বুঝাইয়া দিতে হইবে।

ঞ) কোন আবাসিক ছাত্র চাকুরীতে যোগ দেওয়ার সাথে সাথে তাহার চাকুরীর নিয়োগের তারিখ হতে আবাসিক ছাত্রত্ব বাতিল হইবে। তবে, প্রেষণ প্রাপ্ত কোন চাকুরীজীবি, ছাত্র হিসাবে আবাসিক হলে বসবাস করিতে পারিবে।

ট) প্রতি আবাসিক ছাত্রকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমান টাকা, হল কশন মানি হিসাবে সীট নেওয়ার পূর্বে জমা দিতে হইবে। এই জামানতের টাকা প্রভোস্ট বা সহকারী প্রভোস্ট কর্তৃক সংগৃহীত হইবে এবং প্রভোস্টের নামে আলাদা একাউন্টে ব্যাংকে জামা থাকিবে। সংশ্লিষ্ট ছাত্র হল হইতে বিদায় নেওয়ার সময় বকেয়া (যদি থাকে) পরিশোধ পূর্বক জামানতের অবশিষ্ট অর্থ ফেরত পাইবে।

ঠ) সকল হলের জন্যই, ছাত্রদের হলে ভর্তি ফরম, পরিচয় পত্র ও পে-কার্ড একই রকম হইবে।

৪। ছাত্রদের আবাসিক হলে বসবাস সংক্রান্ত নিয়ামাবলী

ক) কোর্স চলাকালীন সময়ে কোন ছাত্র আবাসিক হল পরিত্যাগ করিতে পারিবে না। তবে, বিশেষ কারণে যদি কোন ছাত্র আবাসিক হল বা ঢাকা ত্যাগ করে, তবে যাত্রার নির্দিষ্ট সময়, যাত্রার উদ্দেশ্য ও গন্তব্যস্থান সম্পর্কে হল প্রভোস্টকে অবহিত করিবে। কোন আবাসিক ছাত্র প্রভোস্টের অনুমতি ছাড়া এক নাগাড়ে ১৫ দিনের অধিক সময় পর্যন্ত হলে অনুপস্থিত থাকিতে পারিবে না। অন্যথায় হল প্রভোস্ট তাহার সীট বাতিল করিবেন।

খ) ৭ দিনের অধিক ছুটির ক্ষেত্রে হল সমূহ বন্ধ থাকিবে। তখন প্রতিটি আবাসিক ছাত্র হল ত্যাগ করিবে। তবুও, হল প্রভোস্ট বিশেষ ক্ষেত্রে কোন ছাত্রকে উপযুক্ত কারণের ভিত্তিতে তাহাকে হলে থাকার অনুমতি দিতে পারিবেন।

গ) অন্য সকল সময়ে যখন ক্লাস বন্ধ (সাসপেন্ড) থাকিবে তখন উপাচার্য, সকল আবাসিক হল সমূহ বন্ধ করিবার এবং একটি নির্দিষ্ট সময়ে আবাসিক ছাত্রদেরকে হল খালি করিতে বলার অধিকার রাখিবেন।

ঘ) আবাসিক ছাত্রবৃন্দ (পুরুষ) রাত ১১ টার পূর্বে অবশ্যই তাহাদের হলে প্রবেশ করিবে এবং প্রভোস্ট এর অনুমতি ব্যতিরেকে সকাল ৫টার পূর্বে হল ত্যাগ করিতে পারিবে না। প্রতিটি হলের সকল গেইট উপরোক্ত সময়ের মধ্যে বন্ধ থাকিবে (রাত ১১টা হইতে সকাল ৫টা পর্যন্ত)।

ঙ) কোন অতিথি হলে থাকার অনুমতি পাইবে না।

চ) কোন ছাত্র ব্যক্তিগত ভৃত্য নিযুক্ত করিতে পারিবে না। প্রভোস্ট এর অনুমোদন ছাড়া কোন ভৃত্য মেস বা অন্য কাজের জন্য নিযুক্ত হইতে পারিবে না।

ছ) হল প্রভোষ্ট, আবাসিক হলের ছাত্র পরিদর্শনের সময় সীমা নির্ধারণ করিবেন।

জ) কোন মহিলা পরিদর্শক/ছাত্রী অথবা মহিলা অভিভাবক অতিথি কক্ষ ছাড়া ছাত্রদের (পুরুষ) হলের কোন কক্ষে প্রবেশ করিবার অনুমতি পাইবে না।

ঝ) কোন মহিলা কর্মচারী, ছাত্রদের (পুরুষ) হলে কোন কাজের জন্য নিযুক্ত হইবে না। তবুও, যদি প্রয়োজন হয় তবে প্রভোস্ট নৈমিত্তিক বা সাময়িক ভিত্তিতে মহিলা কর্মচারী নিয়োগ করিতে পারিবেন।

ঞ) প্রভোস্ট এর পূর্ব অনুমতি ছাড়া হলে কোন ক্লাব বা সমিতি গঠন করা যাইবে না এবং হল সংলগ্ন জায়গায় অথবা হল অঙ্গনে কোন সভা অনুষ্ঠিত হইবে না।

ট) প্রভোস্ট এর পূর্ব অনুমতি ছাড়া হলের ভিতরে ছাত্রবৃন্দ কোনরূপ আমোদ-প্রমোদ বা ভোজ দিতে পারিবে না, এবং প্রভোস্ট এর অনুমতি ছাড়া কোন বাদ্যযন্ত্র বা ইলেক্ট্রনিক যন্ত্রও বাজাইতে পারিবে না।

ঠ) হল অঙ্গণে কোন সুরাসার পানীয়, নেশা জাতীয় অথবা মাদক দ্রব্য সেবন করা বা সংরক্ষণ করা যাইবে না। এছাড়াও বিভিন্ন প্রকার আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক ও অন্যান্য অনিষ্টকারক দ্রব্যাদি আবাসিক হল সমূহে সংরক্ষণ ও ব্যবহার করা যাইবে না। খেলাপকারীকে হল হইতে চিরতরে বহিস্কার করার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

ড) সংশ্লিষ্ট প্রভোস্ট এর পূর্ব অনুমতি সাপেক্ষেই কেবল আন্তঃ হল সভা বা অনুষ্ঠান হইবে।

ঢ) যে ছাত্র ইচ্ছাকৃত ভাবে বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি অনিষ্ট বা ধ্বংস করিবে, সে শাস্তি গ্রহণে অথবা অর্থদন্ড বা জরিমানা দিতে বাধ্য থাকিবে।

ণ) হলে নিয়োজিত শ্রমিক/কর্মচারীরা কোনরূপ নিগৃহীত হইলে, হল কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

ত) হলের বারান্দায় সাইকেল চালানো নিষিদ্ধ হইবে।

থ) ছাত্ররা নিজেদের কক্ষ ভালভাবে পরিস্কার পরিচ্ছন্ন রাখিবে।

দ) ছাত্রবৃন্দ নির্দিষ্ট স্থানে তাহাদের শরীর চর্চা করিতে পারিবে।

ধ) হলের কোন কক্ষে বৈদ্যুতিক হীটার জ্বালানো যাইবে না।

ন) হলের অভ্যন্তরে কোথাও আপত্তিজনক, অশালীন বা রুচি গর্হিত ছবি, পোষ্টার প্রদর্শন সম্পূর্ণ নিষিদ্ধ।

প) কোন আবাসিক ছাত্র হলে নিজস্ব চৌকি বা খাট স্থাপন করিতে পারিবে না।

ফ) কোন আবাসিক ছাত্র তাহার কক্ষের আসবাবপত্র পরিবর্তন করিতে পারিবে না। কেউ খাবার ঘর, কমন রুম অথবা অফিস কক্ষ হইতে কোন প্রকার আসবাব পত্র বা বৈদ্যুতিক সামগ্রী স্থানান্তর করিতে পারিবে না।

ব) কমনরুম হইতে কেউ পত্রিকা, সাময়িকী সরাইতে পারিবে না।

ভ) বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা সমূহের জন্য, পরীক্ষার্থীদেরকে পরীক্ষা আরম্ভ হইবার ১৪ দিন পূর্বে হলের সকল দেয় পরিশোধ করিতে হইবে এবং প্রতি পরীক্ষার পরে বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিকের দেওয়া ঘোষণার ভিত্তিতে গ্রন্থাগারের সকল বই সমূহ ফিরাইয়া দিতে হইবে।

ম) যদি কোন পরীক্ষার্থী (ভ) উপধারার শর্ত পূরণ না করে তবে, পরীক্ষা নিয়ন্ত্রক, সংশ্লিস্ট প্রভোস্ট ও গ্রন্থাগারিক এর নিকট হইতে প্রাপ্ত রিপোর্ট এর ভিত্তিতে সেই পরীক্ষার্থীর ফলাফল প্রকাশ স্থগিত রাখিবেন এবং পরীক্ষার্থী কর্তৃক হলের সকল দেয় ও গ্রন্থাগারের সকল বই ফেরত দেওয়ার পর, উভয় ক্ষেত্র হইতে না-দাবী পত্র প্রদর্শন পূর্বক ফলাফল প্রকাশ করিবেন।

য) আবাসন সম্পর্কিত সকল আবেদন পত্র / স্মারকলিপি অবশ্যই স্বাক্ষরিত ও যথাযথ কর্তৃপক্ষ বরাবরে সম্বোধিত হইতে হইবে, এবং ইহা প্রভোস্ট বা সহকারী প্রভোস্ট এর নিকট জমা দিতে হইবে। তিনি উহা যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিবেন।

র) ছাত্র সম্পর্কিত যে কোন নোটিশ/বিজ্ঞপ্তি হল নোটিশ বোর্ডে প্রকাশিত হইবে এবং ধরিয়া লওয়া হইবে যে, হলের আবাসিক ও সংযুক্ত সকল ছাত্রই ইহা জ্ঞাত/অবগত হইয়াছে। বিজ্ঞপ্তিটি অবগত হয় নাই বলিয়া বিজ্ঞপ্তির বিষয়ে অসম্মতি প্রকাশ কোন ভাবেই গ্রহণযোগ্য হইবে না। প্রভোস্টের অনুমতি ব্যতীত কোন নোটিশ, হল নোটিশ বোর্ডে স্থাপিত হইবে না।

ল) সকল ছাত্রকে হলের বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক সামগ্রী (টেলিভিশন, ফ্রিজ, ক্যাসেট প্লেয়ার, ইস্ত্রি, সেলাই মেশিন, টেলিফোন, কম্পিউটার ইত্যাদি) সতর্কতার সাথে ব্যবহারের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

শ) বিবাহিত কোন ছাত্র/ছাত্রী (স্বামী-স্ত্রী) একত্রে হলে বসবাস করিতে পারিবে না।

ষ) এক হলের সীট বা হল সংক্রান্ত অন্য কোন বিষয়ে বিশ্ববিদ্যালয়ের অন্য কোন হলের ছাত্র হস্তক্ষেপ করিতে পারিবে না। এর ব্যতিক্রম পরিলক্ষিত হইলে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের বিরুদ্ধে প্রভোষ্ট কাউন্সিল (৮ খ এ দ্রষ্টব্য) আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে।

৫। আবাসিক হলে বসবাসের জন্য কিছু সুনির্দিষ্ট নিয়মাবলী (ছাত্রীদের জন্য প্রযোজ্য)

ক) একজন সংযুক্ত ছাত্রী তাহার পিতা-মাতা/অভিভাবক অথবা পিতা-মাতা/অভিভাবক কর্তৃক লিখিত অনুমোদনসহ কোন স্থানীয় অভিভাবক এর সাথে বসবাস করিবে। যদি প্রয়োজন হয় তবে পিতা-মাতা/অভিভাবক একজন নতুন স্থানীয় অভিভাবককে অনুমোদন দিবেন, যাহার সাথে সে বসবাস করিবে। প্রকৃত এবং পরিবর্তিত উভয় অভিভাবকের ঠিকানাসহ ছাত্রীর পিতা-মাতা/ অভিভাবক, হল প্রভোস্ট এর সাথে যোগাযোগ করিবেন।

খ) স্থানীয় অভিভাবক একজন কাঙ্খিত ব্যক্তি হইবেন, যিনি তাহার পরিবারসহ বসবাস করিবেন, যেন জরুরী অবস্থায় কোন ছাত্রীর, কোন রকম সংক্রামক রোগ বা অসুখ হইলে, সে বিজ্ঞপ্তির ভিত্তিতে হল ত্যাগ করিয়া স্থানীয় অভিভাবকের নিকট চলিয়া যাইতে পারে।

গ) আবাসিক ছাত্রীবৃন্দ শীতকালে সন্ধ্যা ৭টা ও অন্যান্য সময় রাত ৮টার পূর্বে অবশ্যই হলে প্রবেশ করিবে এবং প্রভোস্ট এর অনুমতি ব্যতিরেকে হল হইতে সকাল ৬ টার পূর্বে বাহিরে

যাইতে পারিবে না। তবে পোষ্ট গ্রাজুয়েট ছাত্রীদের ক্ষেত্রে, একাডেমিক বিষয় বিবেচনা করিয়া হল প্রভোস্ট তাহাদেরকে রাত ৮টা পর্যন্ত হলের বাহিরে থাকার অনুমতি দিতে পারিবেন।

ঘ) যদি কোন ছাত্রী হলের গেইট বন্ধ হইয়া যাইবার পর হলে ফিরে, তবে তাহাকে গেইট বুক এ, তাহার নাম, ফেরার সময়, দেরীতে ফেরার কারণ, কোথায় ছিল ইত্যাদি তথ্য এন্ট্রি করিতে হইবে। পরবর্তী ৩ দিনের মধ্যে প্রভোস্টের নিকট যদি তথ্য গুলি গ্রহণযোগ্য হয়, তবে তিনি তা প্রতিস্বাক্ষর করিবেন। যদি প্রভোস্ট সন্তোষ্ট না হন তবে, সেই ছাত্রীকে তার বাহিরে থাকার অবস্থান সম্পর্কে লিখিত প্রমাণ দিতে হইবে। যদি প্রভোস্ট উক্ত প্রমানেও সন্তোষ্ট না হন তবে, তিনি তা আইনানুগ ব্যবস্থা গ্রহণ বা প্রয়োজনে বহিস্কারের জন্য উপাচার্য মহোদয় বরাবরে বিবেচনার জন্য পেশ করিতে পারিবেন।

ঙ) ছাত্রী হলের অতিথি কক্ষে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কোন ছাত্র (পুরুষ) বসিতে পারিবে না। তবে প্রভোস্ট এর অনুমতি সাপেক্ষে বিশেষ ক্ষেত্রে এই নিয়মের ব্যতিক্রম হইতে পারে। ছাত্রী হলের গেইটের ভিতরেও কোন ছাত্র (পুরুষ) প্রবেশ করিতে পারিবে না।

চ) কোন ছাত্রীকে পরিদর্শনের জন্য তাহার পিতা-মাতা/ অভিভাবক, স্থানীয় অভিভাবক এবং পিতা-মাতা/ স্থানীয় অভিভাবক কর্তৃক মনোনীত দুইজন আত্মীয় আসিতে পারিবেন। পরিদর্শককে, পরিদর্শক বই এ, তাহার নাম এবং সেই ছাত্রীর সাথে তাহার সম্পর্ক উল্লেখ করিতে হইবে। অতিথি কক্ষ ছাড়া অন্য কোন কক্ষে কোন মহিলা বা পুরুষ পরিদর্শক প্রবেশ করিতে পারিবে না।

ছ) কোন ছাত্রী রাতের বেলায় হলের বাহিরে থাকার অনুমতি পাইবে না। তবে, হলে ভর্তির সময়ে, অভিভাবক বা স্থানীয় অভিভাবক এর আবেদন পত্রের উপর যদি প্রভোস্টের অনুমতি থাকে তাহলে সে রাতে হলের বাহিরে অবস্থান করিতে পারিবে। অভিভাবক বা স্থানীয় অভিভাবক এর আবেদন পত্রে, ছাত্রীর রাতে বাহিরে থাকার স্থান সমূহ পরিস্কার ভাবে উল্লেখ থাকিতে হইবে।

জ) ছাত্রী হলে সার্বক্ষণিক তদারকির জন্য একজন মেট্রন থাকিবেন।

৬। মেস সংক্রান্ত নিয়মাবলী

ক) সকল আবাসিক ছাত্র অবশ্যই মেস এর সদস্য হইবে। তবে কোন ছাত্রের শারীরিক সমস্যা থাকিলে, মেডিকেল সার্টিফিকেট প্রদর্শন পূর্বক হল প্রভোষ্ট বিশেষ ক্ষেত্রে কোন ছাত্রকে এই নিয়ম হইতে মুক্ত করিতে পারিবেন।

খ) সকল আবাসিক ছাত্রকে অবশ্যই প্রভোস্ট কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে হল মেস এর দেয় টাকা অগ্রীম প্রদান করিতে হইবে।

গ) কোন ছাত্র মাসের প্রথম থেকে মেসে যোগ না দিলে বা মাসের কোন অংশে অনুপস্থিত থাকিলে, কোন রকম কম টাকা প্রদান ছাড়াই সমস্ত দেয় টাকা পরিশোধ করিবে। তবে কোন ছাত্র মাস আরম্ভ হওয়ার প্রথম ৭ দিনের মধ্যে হলে না আসিলে, প্রভোস্ট তাহাকে সমানুপাতিক অংশের টাকা প্রদান করার অনুমতি দিতে পারেন। মেসের আয়-ব্যয়ের সমন্বয় সাধন পরবর্তী মাসের প্রথম সপ্তাহে করিতে হইবে। মেসে অনুপস্থিত কালীন সময়ের জন্য আয়ব্যয়ের হিসাবের পর প্রভোস্ট কর্তৃক নির্ধারিত হারে টাকা সংশ্লিষ্ট ছাত্রকে ফিরাইয়া দেওয়া হইবে।

ঘ) যদি কোন ছাত্র কর্তৃক মাসের পূর্ণ দেয় টাকা নির্ধারিত সময়ে পরিশোধ না হয়, তবে প্রভোস্টের সিদ্ধান্ত অনুসারে তাহাকে নির্দিষ্ট হারে জরিমানা প্রদান করিতে হইবে।

ঙ) হলের প্রভোস্ট তাহার নিকট গ্রহণযোগ্য কারণের ভিত্তিতে, বিশেষ ক্ষেত্রে মেসের অপরিশোধিত টাকার জন্য ধার্যকৃত জরিমানা ক্ষমা করিতে পারিবেন।

চ) অভ্যাসগত নিয়ম খেলাপকারীর ক্ষেত্রে, খেলাপকারী ছাত্রের অভিভাবককে প্রভোস্ট সংবাদ দিতে পারিবেন এবং মেসের দেয় টাকা আদায়ের লক্ষ্যে অতিরিক্ত টাকা জমা দেওয়ার জন্য দাবী করিতে পারিবেন।

ছ) বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফী এবং বিশ্ববিদ্যালয়ের ফী এর জন্য প্রদত্ত জরিমানা ব্যতীত, ছাত্রদের নিকট হইতে অন্যান্য আদায়কৃত জরিমানা সংশ্লিষ্ট প্রভোস্ট এর ব্যবস্থাপনায় থাকিবে। সেই অর্থ হইতে, হল প্রভোস্ট পরবর্তীতে ছাত্রদের কল্যাণের উদ্দেশ্যে সঠিক কার্যক্রম পরিচালনার জন্য ব্যয় করিতে পারিবেন।

জ) প্রত্যেক হলেই একজন সহকারী প্রভোস্ট ডাইনিং হল তত্ত্বাবধানের দায়িত্বে থাকিবেন। তিনি ডাইনিং হলের কোষাধ্যক্ষ হিসেবে কাজ করিবেন এবং ডাইনিং হলের দায় দেনার তত্ত্বাবধান করিবেন। তিনি মেস কমিটিকে কিংবা মেস কমিটি কর্তৃক অনুমোদিত কোন ব্যক্তিকে, মেস কমিটির অনুমোদিত বাজেট মোতাবেক টাকা প্রদান করিবেন। মেস কমিটি হলের ডাইনিং হল ব্যবস্থাপনার এবং ডাইনিং এ চাঁদার হার নির্ধারনের দায়িত্বে থাকিবে।

ঝ) প্রতি সেশন শেষে হলের কোষাধ্যক্ষ মেসের এবং হলের অন্যান্য আয় ব্যয় এর স্থিতি পত্র (ব্যালান্স সীট) তৈরী করিবেন এবং সংরক্ষণের জন্য নথিভূক্ত করিবেন, যা পরবর্তী নিয়োগপ্রাপ্ত হল প্রভোস্ট এর নিকট হস্তান্তরিত হইবে।

ঞ) হলের ছাত্র নয় এমন কাউকেই খাবার সরবরাহ করা হইবে না। তবে বিশেষ অনুষ্ঠান উপলক্ষে হলের কোষাধ্যক্ষ কর্তৃক ইস্যুকৃত অতিথি কুপন প্রদর্শন সাপেক্ষে খাবার সরবরাহ করা হইবে।

ট) হল প্রভোস্ট কর্তৃক নির্ধারিত সময়ে ডাইনিং হলে খাবার পরিবেশন করা হইবে। মেসের সকল সদস্যকেই হলের ডাইনিং হলে তাহাদের খাবার খাইতে হইবে। কোন অবস্থাতেই কোন ছাত্র তাহাদের নিজ কক্ষে খাবার নিয়া যাইতে পারিবে না। নির্ধারিত সময় সীমার পরে কোন ছাত্রকেই খাবার সরবরাহ করা হইবে না।

ঠ) মেসের বাসন, গ্যাস বা অন্য কোন প্রকার তৈজসপত্র ছাত্রদের কক্ষে নিয়ে যাওয়া সম্পূর্ণ নিষিদ্ধ।

৭। হল সংসদ কর্তৃক নিয়মাবলী

ক) প্রতি হলে একটি হল সংসদ থাকিবে।

খ) হলের প্রভোস্ট ও ১জন সহকারী প্রভোস্ট তাহাদের পদাধিকার বলে হল সংসদের যথাক্রমে সভাপতি ও কোষাধ্যক্ষ হইবেন। সংসদের অন্যান্য পদগুলি, ছাত্রদের মধ্য হইতে নির্বাচনের মাধ্যমে প্রতিষ্ঠিত হইবে।

গ) আবাসিক ও সংযুক্ত সকল ছাত্রই সংশ্লিষ্ট হল সংসদ নির্বাচনের ভোটার হইবে।

ঘ) হল সংসদের সাংসদবৃন্দ তাহাদের নির্ধারিত দায়িত্ব পালনের মাধ্যমে হল পরিচালনায় প্রভোস্টকে সহায়তা করিবে।

৮। অন্যান্য নিয়মাবলী

ক) মুসলমান ছাত্র বসবাসকারী প্রত্যেক হলেই একজন পেশ ইমাম থাকিবেন। তিনি নির্দিষ্ট সময়ে আযান দিবেন, হলের নির্দিষ্ট জায়গায় পাঁচ ওয়াক্ত নামাজ পড়াইবেন এবং রমজানের সময় তারাবির নামাজ পড়াইবেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য ধর্মীয় দায়িত্ব পালন করিবেন।

খ) বিশ্ববিদ্যালয়ের সকল হলের প্রভোস্ট ও সহকারী প্রভোস্ট সমন্বয়ে একটি প্রভোস্ট কাউন্সিল গঠিত হইবে। এই অধ্যাদেশে উল্লেখ নাই এমন কোন উদ্ভূত পরিস্থিতির জন্য প্রভোস্ট কাউন্সিল পরিস্থিতি আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং উপাচার্য মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তাহা বাস্তবায়িত হইবে। এক্ষেত্রে প্রয়োজনে উপাচার্য মহোদয় সিন্ডিকেটের চূড়ান্ত অনুমোদন গ্রহণ করিবেন।

Sher-e-Bangla Agricultural University



Sher-e-Bangla Agricultural University
Sher-e-Bangla Nagar, Dhaka-1207, Bangladesh
Hotline: 02-44814020
Email: webpage.sau@gmail.com, Info@sau.edu.bd
Web: www.sau.edu.bd